

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

অর্থ মন্ত্রণালয়

অভ্যন্তরীণ সম্পদ বিভাগ

(আয়কর)

প্রজ্ঞাপন

তারিখ: ২০ আশ্বিন, ১৪২৪ বঙ্গাব্দ/০৫ অক্টোবর, ২০১৭ খ্রিস্টাব্দ

এস,আর,ও নং ২৯৯-আইন/আয়কর/২০১৭।—Income-tax Ordinance, 1984 (Ordinance No. XXXVI of 1984), অতঃপর উক্ত Ordinance বলিয়া উল্লিখিত, এর Section 44 এর sub-section (4) এর clause (b) তে প্রদত্ত ক্ষমতাবলে সরকার রোহিঙ্গা শরণার্থীদের দুরবস্থা নিরসন ও মানবিক সহায়তায় বাংলাদেশ সরকারের সম্মতিক্রমে বিশ্বের যে কোন দেশ ও আন্তর্জাতিক সংস্থা হইতে প্রদত্ত খাদ্য ও জরুরি ত্রাণসামগ্রীর উপর উক্ত Ordinance এর Section 53 এর অধীন আরোপযোগ্য উৎসে আয়কর হইতে নিম্নবর্ণিত শর্ত সাপেক্ষে এতদ্বারা অব্যাহতি (exemption) প্রদান করিল, যথা:—

শর্ত:

- (ক) উক্ত খাদ্য ও জরুরি ত্রাণসামগ্রী বাংলাদেশে সাম্প্রতিক আশ্রয় গ্রহণকারী রোহিঙ্গা শরণার্থীদের মধ্যে মানবিক সহায়তা হিসাবে বিনা মূল্যে বিতরণ করা হইবে;
- (খ) উক্ত খাদ্য ও জরুরি ত্রাণসামগ্রী কোনভাবেই বাণিজ্যিক কাজে ব্যবহার বা বিক্রয় বা হস্তান্তর বা স্থানান্তর করা যাইবে না;
- (গ) উক্ত খাদ্য ও জরুরি ত্রাণসামগ্রী বিষয়ে সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগ/দপ্তরের প্রমাণপত্র থাকিতে হইবে; এবং
- (ঘ) উক্ত খাদ্য ও জরুরি ত্রাণসামগ্রী বিতরণ সম্পর্কিত প্রতিবেদন জেলা প্রশাসক, চট্টগ্রাম/কক্সবাজার এর মাধ্যমে জাতীয় রাজস্ব বোর্ডে দাখিল করিতে হইবে।

Bangladesh Tax Update

www.kdroy.com.bd/www.itr.com.bd

রাষ্ট্রপতির আদেশক্রমে

মোঃ নজিবুর রহমান

সিনিয়র সচিব।